২৩।পিতা, ব্রাজিলে মহিলাদের মধ্যে পরিচর্যা করার বিষয়ে আমাদের বিভিন্ন মঞ্চ ব্যবহার করতে দেওয়ার জন্য আমরা তোমার প্রশংসা করি। যে মহিলারা আমাদের অনুষ্ঠানগুলি এবং অনুধ্যানগুলি শুনছেন তারা যেন তোমার বাক্যের দ্বারা রূপান্তরিত হয়! (ইব্রীয় ৪:১২)।

২৪। প্রভু, তোমার কন্যা নামে অভিহিত হওয়ার বিষয়টি কত অপূর্ব সুযোগ। এই সম্পর্কের জন্য আমরা খুবই কৃতজ্ঞ এবং তোমার জন্য অবিরত আমরা ক্ষুধার্ত এবং তৃষ্ণার্ত। (কলসীয় ৩:১৬)

২৫। প্রভু, কেবল তোমার বাক্যই সত্য। আমরা যখন তোমার বাক্য পাঠ করি তখন তুমি আমাদের এই বাক্যের গভীর উপলব্ধির মধ্যে চালিত কর যাতে আমরা উরুগুয়েতে অন্যদের কাছে এই জীবন দানকারী সত্য সহভাগিতা করতে পারি (২ পিতর ১:৫-৮)।

২৬। আমরা কোরিয় খ্রীষ্টান মহিলাদের জন্য প্রার্থনা করি যাতে তারা গভীরভাবে ঈশ্বরের বাক্য অধ্যয়ন করতে পারে যেন তারা তাদের জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা এবং উদ্দেশ্য অনুসারে জীবন যাপন করতে পারে। (২ পিতর ১:৩)

২৭। পিতা, আমরা কোটে ডি' আইভরির বিধবা এবং অনাথদের প্রয়োজনীয় প্রতিবিধানের জন্য তোমার কাছে যাচ্ঞা করি। মণ্ডলী যেন অসংখ্য দুঃস্থ মহিলা এবং মেয়েদের কাছে তাদের সামগ্রিক পরিচর্যা নিয়ে পৌঁছাতে পারে। (যাকোব ১:২৭)

২৮। যেহেতু অসংখ্য মণ্ডলী কোভিড-১৯ অতিমারির কারণে এখনও একত্রিত হতে পারেনি, সেহেতু তারা যখন প্রভু, ব্যক্তিগতভাবে তোমার আরও কাছে আসছে তখন তুমি বিশ্বাসীদের তাদের বিশ্বাসে আরও শক্তিশালী কর (হিতোপদেশ ৩০:৫)।

후원안내
국민은행 851-01-0003-724 북방선교방송
최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। নতুন বছরের ১টি মাস শেষ হোল, দ্বিতীয় বাংলদেশের জন্য ভাষার মাস, এই মাসে বাংলা মা ও ভাষার প্রতি মানুষের যেমন ভালবাসা এবং শ্রদ্ধা, যেন বাংলাদেশের মায়েরদের প্রতিও মানুষের ভালবাসা ও শ্রদ্ধা বৃদ্ধি পায় এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

Women of Hope
Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাষায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।

2021. 2.

আত্মিক বৃদ্ধির উপর প্রার্থনার অনুরোধ সমূহ

মহিলাদের আত্মিক জীবনের বৃদ্ধি নিয়ে আমরা ফেব্রুয়ারী মাসে প্রার্থনা করবো। প্রার্থনা করুন যেন বিশ্বাসীদের হৃদয়ে ঈশ্বরের সঙ্গে সম্পর্ক বৃদ্ধির জন্য এক দৃঢ় সংকল্প বা ইচ্ছা থাকে, এবং যে সমস্ত মহিলারা এখনো ঈশ্বর কে জানেনা তারা যেন ঈশ্বরের আহ্বান শুনতে পান। "কিন্তু আমাদের প্রভু ও ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের অনুগ্রহ ও জ্ঞানে বর্দ্ধিষ্ণু হও। এখন ও অনন্তকাল পর্য্যন্ত তাঁহার গৌরব হউক। আমেন।" (২ পিতর ৩ :)

TWR Korea 북방선교방송
서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে পিতা, আমাদের প্যারাগুয়ের দলটি যখন ত্রিনিদাদের মহিলাদের সঙ্গে এবং বুয়েন পাস্টর কারাগারের মহিলাদের সঙ্গে তোমার বাক্য সহভাগিতা করছে, তখন তাদের হৃদয়ে যেন তোমার পরিত্রাণ, আশা এবং জীবন সক্রিয় হতে পারে যা তাদেরকে তোমার জন্য উৎকর্ষপূর্ণ জীবন যাপন করতে সক্ষম করবে। (হিতোপদেশ ২:৬-১১)

২। হে পিতা, ফ্রান্সে আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দল গড়ে তুলতে সাহায্য কর। সেখানকার বিশ্বাসীদের তোমার সঙ্গে সম্পর্কে বৃদ্ধি লাভ করার, তোমার বাক্য পাঠ করার, প্রার্থনা করার এবং তাদের বিশ্বাস সহভাগিতা করার অধ্যবসায়পূর্ণ ইচ্ছা দাও। (মথি ৫:৬)

৩। ইন্দোনেশিয় আশাময়ী নারী কর্মসূচীর মাধ্যমে এ বছর ৩,০০০ জনের সাড়া পাওয়ার জন্য এবং জাভানীজ ভাষায় ২০০০ জনের সাড়া পাওয়ার জন্য ঈশ্বরের প্রশংসা হোক! মহিলারা সহভাগিতা করেছেন যে তাঁরা যীশুর বিষয়ে শিখছেন এবং তাদের বিশ্বাসে শক্তিশালী হচ্ছেন। (ফিলিপীয় ৪:১৩)

৪। প্রভু, পোলাণ্ডে আমাদের দলটির দ্বারা প্রস্তুত, 'তুমি মূল্যবান' অনুষ্ঠানটি ব্যবহার কর, যাতে মহিলা এবং বালিকাদের সচেতন করা যায় যাতে তারা তোমার দৃষ্টিতে তাদের মূল্য জানতে পারে। (হিতোপদেশ ৩১:১০)

৫। আমাদের প্রার্থনার ক্যালেণ্ডার যেন কেবল জার্মানদের জন্য এবং উত্তর ইউরোপীয় খ্রীষ্টানদের জন্য কেবল আরেকটি খ্রীষ্টীয় সাহিত্য না হয়। পরিবর্তে, এটি যেন তাদেরকে প্রার্থনা করতে, বৃদ্ধি পেতে, সক্রিয়ভাবে তাদের বিশ্বাস অনুযায়ী জীবনযাপন করতে এবং অভাবী লোকদের সাহায্য করতে অনুপ্রাণিত করে। (ইফিষীয় ৪: ১৪-১৬)

৬। যখন মণ্ডলীগুলি বন্ধ এবং অধিকাংশ জনসাধারণ নিজেরা পবিত্র শাস্ত্র পাঠ করতে অক্ষম, তখন আমরা তোমার প্রশংসা করি যে আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে অসংখ্য নেপালীরা সুসমাচার শুনতে সক্ষম হয়েছে, তাদের জীবন যীশুর কাছে উৎসর্গ করেছে এবং তাদের বিশ্বাসে বৃদ্ধি লাভ করেছে। (গীত ২৫:৪)

৭। আমরা স্বীকার করছি যে আমাদের সৃষ্টিকর্তা এবং উদ্দেশ্য দানকারী, তোমার সঙ্গে আমাদের সম্পর্কের থেকে অধিক গুরুত্বপূর্ণ আর কোনও সম্পর্ক নেই। এমনকী যখন আমরা তোমার থেকে দূরবর্তী বলে অনুভব করি তখনও, আমরা তোমার বাক্যে যা বলা হয়েছে তার উপর আস্থা রাখতে পারি এবং বিশ্বাস করি যে তুমি প্রতি মুহূর্তে আমাদের পাশে আছো। (যিশাইয় ৪০:১১)

৮। চীনা খ্রীষ্টীয় মহিলারা যখন তাদের সমাপ্তিহীন দৈনিক কাজগুলি করতে যায়, তখন তারা যেন মরিয়মের মতো সময় বের করে নেয় এবং তারা যেন সদাপ্রভুর সঙ্গে তাদের যথেষ্ট সময় দিয়ে যীশুর আরও কাছে আসে। (লূক ১০:৪১-৪২)

৯। প্রভু, আমরা প্রার্থনা করি যাতে আমাদের দক্ষিণ আফ্রিকার দলটি কীভাবে ঈশ্বরের সঙ্গে আমাদের দৃঢ় সম্পর্ক টিকিয়ে রাখতে হবে সেই বিষয়ে লোকদের শিক্ষিত করার সুযোগ পায়। হে ঈশ্বর, এই চরম বিপজ্জনক এবং কঠিন সময়েও তাদেরকে সম্পূর্ণ জীবন যাপন করতে সক্ষম কর। (যাত্রা ১৯:৫)

১০। হে পিতা, আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে লাইবেরিয়ার মহিলারা যখন আত্মিকভাবে বৃদ্ধি পাচ্ছে, তখন তারা যেন তাদের সমাজগুলিতে অন্যদের সঙ্গে তাদের বিশ্বাসের সহভাগিতা করার মাধ্যমে জীবন যাপন করতে পারে। (২ থিষলনীকীয় ১:৩)

১১। প্রভু, লোকেরা যখন ইন্দোনেশিয় এবং জাভানীজ ভাষায় স্থানীয় রেডিও স্টেশনের মাধ্যমে অথবা মিনি অডিও যন্ত্রের মাধ্যমে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি শুনছেন, তখন আমরা বিশেষভাবে তাদের হৃদয়ের রূপান্তরের জন্য তোমার ভালোবাসা এবং পরিত্রাণের বাণীর জন্য প্রার্থনা করি। (গীত ১৯:৮)

১২। হে পিতা, তোমার আহ্বান শোনার জন্য ভারতের মহিলাদের সক্ষম কর যাতে তারা তাদের অসংখ্য পারিবারিক এবং সাংস্কৃতিক দায়িত্বগুলি পালন করা সত্ত্বেও তোমার আহ্বান শোনার জন্য যথেষ্ট সময় দিতে পারে। (গীত ১১৯:১৬)

১৩। পিতা, কম্বোডিয়ার যে মহিলারা অবিশ্বাসী স্বামীদের বিবাহ করেছে যারা তাদেরকে গীর্জায় যেতে দেয় না অথবা অন্য বিশ্বাসীদের সঙ্গে সহভাগিতা করতে দেয় না তাদের জন্য প্রার্থনা করুন। তারা যেন তোমার বাক্যের মাধ্যমে এবং আশাময়ী নারী এবং অন্যান্য খ্রীষ্টিয় অনুষ্ঠানগুলির মাধ্যমে আত্মিক পুষ্টি লাভ করতে পারে তার জন্য তাদেরকে তুমি শক্তিশালী কর। (যিশাইয় ৪০:৩১)

১৪। প্রভু, তোমার মণ্ডলীকে মিথ্যা শিক্ষা থেকে রক্ষা কর। বিশ্বাসীদের প্রজ্ঞা দাও এবং সত্য ও ভুলের মধ্যে পার্থক্য নিরূপণ করার উপলব্ধি দাও এবং তোমার বাক্যের সত্যের উপর দৃঢ়ভাবে দাঁড়ানোর জন্য তাদের শক্তিশালি কর। (২ তীমথিয় ২:১৫)

১৫। ২ পিতর ৩:১৮, আমাদের "প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অনুগ্রহে এবং জ্ঞানে বৃদ্ধি লাভ করতে আমাদের উৎসাহিত কর। এখন এবং চিরকাল তাঁর গৌরব হোক! আমেন।" পবিত্র আত্মা আমাদের তোমার কাছে নিজেদের সমর্পণ করতে এবং ঈশ্বরের গৌরবময় উদ্দেশ্যগুলির সঙ্গে সহযোগিতা করতে সাহায্য করুন।

১৬। আমরা প্রার্থনা করি যে পোলাণ্ডে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী যে অনুষ্ঠান সম্প্রচার করছে তা যেন শ্রোতাদের বুঝতে সাহায্য করে যে ঈশ্বর একচেটিয়া ভালোবাসা চান, কারণ তিনি ঈর্ষাকারী ঈশ্বর (যাত্রা ২০:৫)।

১৭। প্রভু আমরা সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করি যারা খ্রীষ্টীয় বিশ্বাস ছেড়ে চলেগেছে কারণ সমস্যার সময় তারা তোমাকে দোষারোপ করেছিল। তুমি কে সেই বিষয়ে তারা যখন নির্ভুল এবং বাইবেল সম্মত দৃষ্টিভঙ্গী জানতে পারবে তখন তারা যেন আরোগ্য এবং প্রকৃত বিশ্বাস খুঁজে পায়।(২ বিবরণ (৩০:১-৩)।

১৮। প্রভু, প্যারাগুয়ের গ্রামীণ এলাকাগুলিতে মহিলারা যখন আশাময়ী নারী রেডিও অনুষ্ঠান শুনছেন, তখন তুমি তাদের হৃদয় স্পর্শ কর যাতে তারা তোমার বাক্যের জ্ঞানে এবং এর বাধ্যতার বিষয়ে সঙ্কল্পের ক্ষেত্রে বৃদ্ধি পায়। (কলসীয় ১:৯-১০)

১৯। পিতা, কোটে ডি'আইভরীর খ্রীষ্টান মহিলাদের মধ্যে যে সমাজ আছে তার জন্য তোমাকে আমরা ধন্যবাদ দিই। এই মহিলারা যখন প্রার্থনায় একত্রিত হয় তখন তাদেরকে শক্তিশালী কর। তারা যেন তোমার উপর আস্থা রাখে এবং নির্ভর করে, পিতা, তারা যেন তোমার বিষয়ে এবং তোমার বাক্যের জ্ঞানে বৃদ্ধি লাভ করে। (কলসীয় ১:১১-১২)

২০। প্রভু, আমরা ডেনমার্ক, গ্রীণল্যাণ্ড এবং ফারোই দ্বীপপুঞ্জের জন্য প্রার্থনা করি যাতে তারা ব্যক্তিগতভাবে এবং পারিবারিকভাবে বাইবেল অধ্যয়নের বিষয়টিকে প্রাধান্য দেয়। (২ পিতর ১:২)

২২। প্রভু, কানাডার মহিলারা যখন ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা ক্যালেণ্ডারের মাধ্যমে প্রার্থনা করার জন্য একত্রিত হচ্ছে তখন, তারা যেন এক সাথে বিশ্বাসে বৃদ্ধি পায়। " কেননা যেখানে দুই কি তিন জন আমার নামে একত্রিত হয়, সেইখানে আমি তাহাদের মধ্যে আছি" (মথি ১৮:২০)।

২২। নোরিয়া আশাময়ী নারী একটি অনুধ্যানমূলক ধারাবাহিক সম্প্রচার করছে যা বাইবেলের পদ এবং ব্যাখ্যা সহভাগিতা করে। প্রার্থনা করুন যেন মহিলারা এর দ্বারা স্পর্শ পায় এবং তারা যেন আরও অধিক ঈশ্বরের বাক্য অধ্যয়নের জন্য তৃষ্ণার্ত হয়। (যিশাইয় ৫৫:১১)